গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৯.২৩.০০৫.১৯.৫৭৫

তারিখ : ৩০ চৈত্র ১৪৩১ / ১৩ এপ্রিল ২০২৫

বিষয় : "জাতীয় আইনগত সহায়তা দিবস ২০২৫" উপলক্ষ্যে মুঠোফোনে ক্ষুদেবার্তা প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অধীন জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা অসহায়, হতদরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগণকে সরকারি খরচে আইনগত সহায়তা প্রদান করে। দরিদ্র ও নিঃস্ব মানুষকে সরকারি আইনি সেবা বিষয়ে সচেতন করার লক্ষ্যে প্রতি বছর ২৮ এপ্রিল 'জাতীয় আইনগত সহায়তা দিবস' পালন করা হয়।

২। সরকারি আইনি সহায়তা কার্যক্রম বর্তমান সরকারের একটি অগ্রাধিকারভিত্তিক গুরুত্বপূর্ণ কার্যক্রম এবং এ সম্পর্কে জনগণকে সচেতন করা জরুরি। এ প্রেক্ষিতে জনগণের মধ্যে সচেতনতা তৈরির লক্ষ্যে সরকারি আইন সহায়তা কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত ক্ষুদেবার্তা (sms) তৈরি করা হয়েছে :

**Govt. Info:**

**২৮ এপ্রিল জাতীয় আইনগত সহায়তা দিবস। দিবসটির প্রতিপাদ্য**

**"দ্বন্দ্বে কোনো আনন্দ নাই, আপস করো ভাই**
**লিগ্যাল এইড আছে পাশে, কোনো চিন্তা নাই।"**

**লিগ্যাল এইড হেল্পলাইন ১৬৪৩০**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

৩। এমতাবস্থায় উপরোক্ত ক্ষুদেবার্তাটি আগামী ২৮ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখ সকালে Govt. Info হিসেবে দেশের মোবাইল গ্রাহকদের মধ্যে প্রচার করার জন্য সংশ্লিষ্ট সকল মোবাইল অপারেটরের প্রতি প্রয়োজনীয় নির্দেশনা জারির অনুরোধ করা হলো ।

১৩/০৪/২৫

(কামরুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjusticediv.gov.bd
ফোন: ০২-২২৩৩৫৭৪২০

চেয়ারম্যান
বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :</u>

১. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
২. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ; ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়।
৫. অফিস কপি।